

ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

পোস্ট ডক্টরাল ফেলোশিপ বিজ্ঞপ্তি ২০২৩

ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১ জন পোস্ট ডক্টরাল ফেলো নির্বাচনের জন্য পিএইচডি ডিগ্রিধারী দেশি/বিদেশি প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

যোগ্যতা

- ক) পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত দেশি-বিদেশি যে কোন গবেষক উচ্চতর গবেষণার লক্ষ্যে গবেষণার জন্য আবেদন করতে পারবেন।
- খ) আবেদনকারীর গবেষণা প্রস্তাব অবশ্যই ইনস্টিটিউটের ও সুপারভাইজারের গবেষণা ক্ষেত্রের সাথে সম্পর্কিত হতে হবে এবং সুপারভাইজারের সম্মতিপ্রাপ্ত হতে হবে।
- গ) গবেষণা প্রস্তাবনা অবশ্যই বাংলাদেশ বিষয়ক হতে হবে। বিজ্ঞানের বিষয়গুলোর ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Peer reviewed/Scopus Indexed জার্নালে First Author অথবা Corresponding Author হিসেবে কমপক্ষে ৩ (তিন)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। গবেষণা প্রবন্ধগুলো গবেষকের পিএইচডি গবেষণার সাথে সম্পর্কিত হতে হবে। মানবিক ও বাণিজ্য শাখার বিষয়গুলোর ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Peer reviewed/Scopus Indexed জার্নালে First Author অথবা Corresponding Author হিসেবে কমপক্ষে ২ (দুই)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। গবেষণা প্রবন্ধগুলো গবেষকের পিএইচডি গবেষণার সাথে সম্পর্কিত হতে হবে।
- ঘ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক/কর্মকর্তা পোস্ট-ডক্টরাল ফেলো হিসেবে বিবেচিত হতে পারবেন না। তবে কোন শিক্ষক/কর্মকর্তা যদি বিশ্ববিদ্যালয়ের বাইরের কোন উৎস হতে ফেলোশিপ প্রাপ্ত হন সেক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।
- ঙ) আবেদনকারী যদি কোন প্রতিষ্ঠানে চাকরিরত হন, তাহলে ফেলোশিপ প্রাপ্তির সময়কালীন উক্ত প্রতিষ্ঠান থেকে তাঁর ছুটি অথবা প্রেষণ বাধ্যতামূলক হতে হবে।
- চ) আবেদনকারী পিএইচডি করার ৭ (সাত) বছরের মধ্যে পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় বর্হিত উৎস থেকে কেউ যদি গবেষণা ফান্ড/ফেলোশিপ প্রাপ্ত হন তবে সেক্ষেত্রে ০৭ (সাত) বছর সময়কাল শর্তটি শিথিলযোগ্য বলে বিবেচিত হবে।

মেয়াদ

পোস্ট ডক্টরাল গবেষণার মেয়াদ হবে ০৬ মাস থেকে ১২ মাস। গবেষণাকার্যের অথবা ইনস্টিটিউটের প্রয়োজনে এই মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। এক্ষেত্রে মেয়াদ পূর্তির পূর্বেই তাঁকে আবেদন করতে হবে।

আর্থিক ও অন্যান্য সুবিধা

- ক) একজন পোস্ট ডক্টরাল ফেলো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে মাসিক ফেলোশিপ পাবেন। বিদেশী গবেষকের ক্ষেত্রে ৫০০ US ডলার প্রদান করা হবে।
- খ) বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন উৎস থেকে এই খাতে বরাদ্দকৃত অর্থ পোস্ট ডক্টরাল ফেলোকে ইনস্টিটিউট/অনুষদ থেকে প্রদান করা হবে।
- গ) যোগ্য প্রার্থী পাওয়া গেলে এবং অর্থ সংস্থান সাপেক্ষে প্রতিবছর বিশ্ববিদ্যালয় ফেলোশিপ প্রদান করবে।
- ঘ) পোস্ট ডক্টরাল ফেলোর গবেষণার জন্য তার গবেষণা কক্ষ ও গবেষণাগার ব্যবহারের বিষয়ে ইনস্টিটিউট/বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে।
- ঙ) পোস্ট ডক্টরাল ফেলো গবেষণার ফলাফলের উপর ভিত্তি করে সেমিনার প্রদানের জন্য ইনস্টিটিউট/অনুষদে আবেদন করবেন।
- চ) ফেলো ইনস্টিটিউট/বিভাগীয় সেমিনার লাইব্রেরি থেকে বই/জার্নাল ইস্যু করতে ও পড়তে পারবেন। ইন্টারনেট ও ওয়াই-ফাই ব্যবহারের সুবিধা পাবেন।
- ছ) ফেলো আবাসন, পরিবহণ, কেন্দ্রীয় লাইব্রেরি এবং চিকিৎসা, প্রয়োজ্য ক্ষেত্রে স্বাস্থ্য বীমার সুবিধাদি বিধি মোতাবেক পাবেন।

আবেদনপত্র www.ru.ac.bd/ibs/ থেকে ডাউনলোড করা যাবে। পূরণকৃত আবেদনের সাথে টা. ৩,০০০/- (তিন হাজার) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অগ্রণী ব্যাংকের অনুকূলে “পরিচালক (পরীক্ষা তহবিল), আইবিএস”, নামে বিদ্যমান সঞ্চয়ী হিসাব নম্বর ২০০০০২২২৮০৯০ নম্বরে অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে জমা দিয়ে জমা রশিদসহ সকল প্রকার একাডেমিক সার্টিফিকেট ও গবেষণা প্রস্তাবনা জমা প্রদান করতে হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ২১-০৯-২০২৩। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

প্রফেসর ড. মোহাম্মদ নাজিমুল হক
পরিচালক